

# Second India-New Zealand Bilateral Cyber Dialogue

November 17, 2021

## ভারত-নিউজিল্যান্ড দ্বিতীয় দ্বিপাক্ষিক সাইবার আলোচনা

নভেম্বর 17, 2021

16-17ই নভেম্বর 2021 তারিখে দ্বিতীয় দফার ভারত-নিউজিল্যান্ড দ্বিপাক্ষিক সাইবার আলোচনা ভারুয়ালি অনুষ্ঠিত হয়েছে। ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের (এমইএ) যুগ্ম সচিব (সাইবার কূটনীতি) শ্রী অতুল মালহারি গতসুর্ভে। নিউজিল্যান্ডের প্রতিনিধি দলের যুগ্ম নেতৃত্ব দিয়েছেন প্রধানমন্ত্রী এবং ক্যাবিনেট (ডিপিএমসি) দপ্তরের জাতীয় সুরক্ষা নীতির নির্দেশক মিস্টার ড্যান ষ্টোন ও পররাষ্ট্র এবং বাণিজ্য মন্ত্রকের (এমএফএটি) আন্তর্জাতিক নিরাপত্তা ও নিরস্ত্রীকরণ বিভাগের উদ্ধৃত সুরক্ষা বিষয়ের অ্যাকাটিং ইউনিট ম্যানেজার শ্রীমতী জিওরজিনা সার্গিসন। উভয় দেশের বিভিন্ন সরকারি মন্ত্রকের এবং দপ্তরের উর্দ্ধতন আধিকারিকরা এই সাইবার আলোচনাতে অংশগ্রহণ করেছেন।

2. সাইবার আলোচনাটিতে সাইবারক্ষেত্রে বিদ্যমান দ্বিপাক্ষিক সহযোগিতার বিভিন্ন দিকগুলি নিয়ে আলোচনা হয়েছে এবং দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও বহুপাক্ষিক ফোরামে সাইবার বিষয়ের উপরে সর্বশেষ অগ্রগতি সম্পর্কে মত বিনিময় করা হয়েছে এবং সাইবার সহযোগিতাকে আরও গভীর করার উদ্যোগ অন্বেষণ করা হয়েছে।

3. প্রতিনিধিরা পারস্পরিক স্বার্থের বিস্তৃত বিষয়ের উপরে বিশেষ বিবেচনা করেছেন এবং সাইবার সুরক্ষা, সাইবার অপরাধ এবং ক্ষমতা অর্জনের ক্ষেত্রে একে অপরের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার জন্য সম্মত হয়েছেন।

নিউ দিল্লি

নভেম্বর 17, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.